বিজয় আমাদের অনন্য অর্জন :ভিসি ডাঃ মোর্শেদ আহমদ চৌধুরী

চেম্বার ডেস্ক:: নানা আয়োজন ও যথাযথ মর্যাদায় সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে।
বিজয় দিবস উপলক্ষে বুধবার (১৬ ডিসেম্বর) সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে বিজয় র্যালী, বিশ্ববিদ্যালয়ের নির্মিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. মোর্শেদ আহমেদ চৌধুরী বলেন, বিজয় দিবস আমাদের অনন্য অর্জন, অন্যান্য দেশের স্বাধীনতা দিবস আছে, জাতীয় দিবস আছে; কিন্তু বিজয় দিবস নেই। আমরা যুদ্ধ করে,লক্ষ লক্ষ মানুষের প্রাণ দিয়ে,রক্ত দিয়ে ত্যাগের বিনিময়ে বিজয় দিবস অর্জন করেছি। দাসত্ব থেকে মুক্তির জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে আমরা মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ি। সুসজ্জিত সেনাবাহিনীর বিরুদ্ধে প্রায় নিরস্ত্র ছিলাম আমরা। কিন্তু আমাদের ছিল অসীম সাহস, আমরা ছিলাম ঐক্যবদ্ধ। যার ফলে পাকবাহিনী পরাজিত হয়।
তিনি আরো বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন বঙ্গকন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন বিশ্বের মডেল রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠিত হচ্ছে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্টায় তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস প্রচেষ্টায় আজ বাংলাদেশ বহুদুর এগিয়ে গেছে।তিনি দেশের চলমান উন্নয়ন ও সমৃদ্ধির ধারা অব্যাহত রাখতে দেশপ্রেমিক সকল শক্তিকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমানসহ মহান স্বাধীনতা সংগ্রামের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করেন।
এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিলট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অ.দা) ও পরিচালক (অর্থ ও হিসাব) নঈমুল হক চৌধুরী, সহকারী পরিচালক (হিসাব) আব্দুস সবুর, সহকারী রেজিস্ট্রার অঞ্জন দেবনাথ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক বিলাল আহমদ চৌধুরী, সহকারী পরিচালক (বাজেট) শমশের রাসেল, সহকারী পরিচালক (পরিকল্পনা) গোলাম সারোয়ার, সহকারী কলেজ পরিদর্শক মাইদুল ইসলাম

চৌধুরীসহ কর্মকর্তা -কর্মচারীগণ।